

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
ইরেসপো কর্মসূচি  
পল্লী ভবন, ৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.২১.০১৯.২৫. ২৫৪

তারিখঃ ১৯ জুন, ২০১৫

বিষয়: কর্মসূচি'র কর্মচারীদের বার্ষিক কর্মসম্পাদন প্রতিবেদন ফরম পূরণ বিষয়ক স্পষ্টীকরণ।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক পরিচালিত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপো) কর্মসূচি'র কর্মচারী ব্যবস্থাপনা ও পরিচালন নীতিমালা ২০২২ (সংশোধিত) অনুযায়ী কর্মসূচি'র প্রত্যেক কর্মচারীর প্রতি অর্থ বৎসরের কার্যক্রম মূল্যায়নের লক্ষ্যে অফিস বিভাগের কর্মচারী এবং মাঠ পর্যায়ে কর্মরত কর্মচারীদের বার্ষিক কর্মসম্পাদন প্রতিবেদন প্রেরণ করার নির্দেশনা রয়েছে। সে প্রেক্ষিতে মাঠ পর্যায়ে কর্মরত কর্মচারীগণ বার্ষিক কর্মসম্পাদন প্রতিবেদন সংক্রান্ত কোন ফরম অনুসরণ করবেন সে বিষয়ে অস্পষ্টতা রয়েছে। সে বিবেচনায় বার্ষিক কর্মসম্পাদন প্রতিবেদন ফরম এর বিষয়ে নিম্নোক্তভাবে স্পষ্টীকরণ করা হলো:

১। বার্ষিক কর্মসম্পাদন প্রতিবেদন ফরম (মাঠ বিভাগে কর্মরত কর্মচারীর জন্য প্রযোজ্য) টি উপজেলা পর্যায়ে কর্মরত সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা/সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তার ন্যায় দায়িত্বপালনকারী, হিসাব সহকারী ও মাঠ সংগঠক/মাঠ সংগঠক এর ন্যায় দায়িত্ব পালনকারী'র জন্য প্রযোজ্য হবে।

২। বার্ষিক কর্মসম্পাদন প্রতিবেদন ফরম (অফিস বিভাগে কর্মরত কর্মচারীর জন্য প্রযোজ্য) টি কর্মসূচির সদর দপ্তরে কর্মরত নানা পদের কর্মকর্তা কর্মচারী (প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার/হিসাবরক্ষক/ডাটা এন্ট্রি অপারেটর/হিসাব সহকারী (অডিট টিম)/গাড়িচালক/অফিস সহায়ক), জেলা পর্যায়ের গাড়িচালক ও নোয়াখালী পল্লী উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্র (এনআরডিটিসি), নোয়াখালী এ কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণের জন্য প্রযোজ্য হবে।

মোহাম্মদ রাশেদুল আক্বম  
কর্মসূচি পরিচালক

অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

১. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ------(প্রকল্পভূক্ত সকল জেলা)।
২. উপপরিচালক, ইরেসপো, এনআরডিটিসি, বিআরডিবি, জেলাঃনোয়াখালী।
৩. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৪. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলা:-----, জেলাঃ------(প্রকল্পভূক্ত সকল উপজেলা)।
৬. প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার/হিসাবরক্ষক/ডাটা এন্ট্রি অপারেটর/হিসাব সহকারী (অডিট টিম)/অফিস সহায়ক, সদর দপ্তর, ইরেসপো, ঢাকা।
৭. প্রশিক্ষক/হিসাবরক্ষক/হিসাব সহকারী/অফিস সহায়ক, এনআরডিটিসি, ইরেসপো, বিআরডিবি, নোয়াখালী।
৮. মাঠ সংগঠক/ হিসাব সহকারী/সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলা:-----, জেলাঃ----- (প্রকল্পভূক্ত সকল উপজেলা)
৯. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
১০. অফিস নথি।